



ধন্যবাদ দিবসের ২০২৫

“আর বাক্যে কি কার্যে যাহা কিছু কর, সকলই প্রভু যীশুর নামে কর, তাঁহার দ্বারা পিতা ঈশ্বরের ধন্যবাদ করিতে করিতে ইহা কর” (কলসীয় ৩: ১৭)।

প্রিয় ভাই ও বোনেরা,

আমাদের মণ্ডলীর ধন্যবাদজ্ঞাপন দিনটি কিছু দিনের মধ্যেই আসছে। অতীতে প্রায়শই এই প্রশ্ন উত্থাপিত হত: ধন্যবাদজ্ঞাপন দিবসের প্রস্তুতি নেওয়ার সঠিক সময় কখন? উত্তর হল “আজ ও এখনই!” আমাদের ধন্যবাদজ্ঞাপনের প্রস্তুতি নিরন্তর ও সারা বছর ধরেই।

ঈশ্বরের প্রতি আমরা কীভাবে কৃতজ্ঞতা প্রকাশ করতে পারি তা নিয়ে চিন্তা করার কতই না অপূর্ব সুযোগ! এই বছরের নীতিবাক্যটি আমাদেরকে “ভাল কাজের জন্য সময়” বের করে ঈশ্বরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশের বিভিন্ন উপায়ের স্পষ্ট ইঙ্গিত দেয়। যখন আমরা যীশু খ্রীষ্টের নামে কথা বলি এবং কাজ করি, তখন আমরা তাঁর স্বভাব ও তাঁর সাথে আমাদের সম্পর্ক প্রকাশ করি। ভাল কাজ করার অর্থ হল তাঁর ইচ্ছা পালন করার চেষ্টা করা, খ্রীষ্টের উদাহরণ অনুসরণ করা ও সুসমাচার মেনে চলা।

যীশু খ্রীষ্টের নামে কাজ করার অর্থ হল তাঁর সেবা করা, আমাদের প্রেম, বিশ্বাস ও আমরা যে তাঁরই অধীনস্থ তা ঘোষণা করা। অপরের প্রতি আমাদের দয়া, ক্ষমা করার ইচ্ছা এবং মণ্ডলীর ঐক্য ও উন্নয়নে আমাদের অবদান ঈশ্বরের প্রতি আমাদের কৃতজ্ঞতার সাক্ষ্য বহণ করে।

আমাদের উপর ঈশ্বরের মহত্ত্ব ও অনুগ্রহের ব্যক্তিগত প্রতিফলন আমাদেরকে ধন্যবাদ জ্ঞাপনের দিকে পরিচালিত করে। আমরা আমাদের জীবনের প্রতিটি ক্ষেত্রে তাঁর আধ্যাত্মিক ও বস্তুগত উভয় দান ও আশীর্বাদের প্রশংসা করি। আমাদের প্রার্থনায়, আমরা যে ডিভাইন সার্ভিসে অংশগ্রহণ করি, আমাদের দান উৎসর্গের মাধ্যমে এবং তাঁর ও প্রতিবাসীর সেবার মাধ্যমে ঈশ্বরের প্রতি আমরা কৃতজ্ঞতা প্রকাশ করি।

আমাদের মনোযোগ যীশু খ্রীষ্টের প্রত্যাবর্তনের উপর, যা ঈশ্বর আমাদের জন্য এক চমৎকার ভবিষ্যৎ নিশ্চিত করেছেন! এটি আজ, আগামীদিন ও সমস্ত অনন্তকালের জন্য আমাদের প্রশংসা ও ধন্যবাদের যোগ্য।

৫ অক্টোবর, ২০২৫, রবিবার আমাদের মণ্ডলীর ধন্যবাদজ্ঞান দিনটি নিউ এ্যাপোস্টলিক খ্রীষ্টিয়ান হিসেবে আমাদের কাছে বিশেষ তাৎপর্য বহণ করে। নিছক ঐতিহ্য অপেক্ষা অধিক, এটি এক কৃতজ্ঞতার শিক্ষা, যা আমাদের হৃদয়কে কৃতজ্ঞতার দিকে পরিচালিত করার ও ঈশ্বর এবং মণ্ডলীর প্রতি প্রেম প্রকাশের একটি সুযোগ। এটি আমার বাসনা যে প্রতিটি শিশু, যুবক যুবতী, সকল পরিচর্যাকারী ও তাদের পরিবার এবং আমাদের সকল সদস্য যেন তাদের হৃদয় প্রস্তুত করে এবং ধন্যবাদজ্ঞাপনের মাধ্যমে প্রাপ্ত বহুবিধ আশীর্বাদ ও আনন্দ উপভোগ করতে পারে।

কানাডা জেলার প্রেরিতগণ সহ, আমরা আপনাকে, আপনার পরিবার ও সমস্ত মণ্ডলীকে একটি আশীর্বাদপূর্ণ ধন্যবাদজ্ঞাপন দিবসের শুভেচ্ছা জানাই।

আন্তরিকতার সাথে,

মার্ক উল



ব্যক্তিগত ধন্যবাদের একটি নোট

প্রিয় ভাই ও বোনেরা,

একজন প্রেরিত ও পরিচর্যাকারী হিসেবে আপনাদের যে প্রেম,সহায়তা ধৈর্য,ক্ষমা ও বন্ধুত্ব ২৫ বছরের অধিক সময় ধরে লাভ করেছি,তার জন্য আপনাদের ব্যক্তিগত ধন্যবাদ জানাবার সুযোগ গ্রহণ করেছি। আমরা উভয়েই আমাদের তরুণ বয়স থেকে আমাদের সম্পর্কের কদর করি।

১৯ অক্টোবর,২০২৫ এ প্রধান প্রেরিত স্লেইডার, মার্গারেট এভিনিউ এ ডিভাইন সার্ভিস পরিচালনা করবেন, যেখানে আমরা কানাডা জেলা মন্ডলীর ১০০ তম বার্ষিকী উদযাপন করব। এই ডিভাইন সার্ভিসে আমরা উভয়েই অবসর গ্রহণের দিকে যাব, এবং প্রেরিত মারটিং কানাডা জেলার জেলা প্রেরিত হিসেবে নিযুক্ত হবেন।

৫০ বছরের অধিক সময় ধরে ঈশ্বরের সেবা কাজে রত থাকটা একটি সুন্দর সুযোগ ও আনন্দের বিষয়। সান্ডেস্কুলে আমাদের ছেলেমেদের মধ্যে, যুবকদের মধ্যে, বয়স্কদের ও মন্ডলী গুলোতে, এখানে ও বাইরের বহু দেশে আমাদের কার্যকলাপ আমাদেরকে অনেক অভিজ্ঞতা দিয়েছে যা আমাদের জীবনের বাকি সময়ের জন্য হৃদয়ে ধরে রাখব। আমাদের বহু আবেগ ও অনুভূতির প্রকাশ মোটেই সহজ নয়। যাইহোক, অতিমাত্রা অনুভূতিগুলির অন্যতম হল, সর্বশক্তিমান ঈশ্বরের প্রেম, অনুগ্রহ ও আশীর্বাদের জন্য তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা।

ধন্যবাদের সাথে প্রেরিত মারটিং এর নেতৃত্বে ঈশ্বরের কাজের দিকে তাকিয়ে আছি। তার জন্য এবং আমাদের সেবকগন যারা মন্ডলী ও সদস্যদের তত্ত্বাবধানে রত, তাদের জন্য আমাদের প্রার্থনা ও সহায়তা বজায় থাকবে। তাদের প্রতি ত্রিত্ব ঈশ্বরের মহান আশীর্বাদ কামনা করি।

বহু বছর ধরে ঈশ্বরের কাজে অনেক পরিবর্তন আমরা লক্ষ্য করেছি। আমরা একসাথে, মন্ডলীগুলির সমন্বয় সাধন ও পুনর্গঠনের কাজ গুলো লক্ষ্য করছি, যার উদ্দেশ্য ছিল জটিলতা দূর করা ও মান্ডলীক জীবন প্রাণবন্ত করে তোলা। আমাদের প্রধান শহরগুলির অধিকাংশে, জমি কেনা হয়েছে; অথবা নতুন মন্ডলী গৃহ নির্মাণ করা হয়েছে। আমরা কৃতজ্ঞ যে,

আমাদের ভাই ও বোনেরা বর্তমান দিনে কাজের উপযোগী মন্ডলী গৃহগুলি পেয়েছে এবং পাবে। আমাদের মন্ডলীর প্রবাহিত প্রশাসনিক ব্যবস্থা ও বিদেশে আমাদের কর্মসূচীগুলি এবিষয়ে এক সুন্দর পথপ্রদর্শনে অনেক অবদান রাখে। ছেলেমেয়েদের শিক্ষাদানের উপকরণের উন্নতিসাধন এবং শিক্ষাদানের নবীকরণের উপর আলোকপাত লক্ষ্য করাটা আনন্দের বিষয়। ঈশ্বরের অনুগ্রহে, আমাদের পিতৃপুরুষের উপকার সাধন করার ব্যপারে আমরা তাঁর আশীর্বাদের অভিজ্ঞতা লাভ করেছি, যা ভবিষ্যতের জন্য একটি দৃঢ় ভিত্তি তৈরী করেছে।

ঈশ্বরের কাজ একটি ক্রমবিকাশ যা পরিবর্তন সাধন করে, যা অবশ্যজ্ঞাবী। আমরা থমকে যেতে পারি না, যেহেতু আমরা খ্রীষ্টের সাদৃশ্যে বৃদ্ধি পেতে চাই, তাই আমাদের বিশ্বাসের উন্নতি সাধন অবশ্যই প্রয়োজন। আমরা কেবল খ্রীষ্টের এই বাক্যটি পুনরাবৃত্তি করতে পারি, “সেই প্রকারে সমস্ত আজ্ঞা পালন করিলে পর তোমরাও বলিও আমরা অনুপযোগী দাস, যাহা করিতে বাধ্য ছিলাম, তাহাই করিলাম” (লুক ১৭:১০)।

আপনাদের প্রেম ও বিশ্বস্ততার জন্য পুনরায় ধন্যবাদ জানাই। আপনাদের সাথে সাক্ষাতের অপেক্ষায় থাকলাম, যখন আমরা মন্ডলীতে বয়স্কগণের পর্যায়ে যোগ দিব।

আন্তরিকভাবে,

মার্ক উল ও ফ্রাঙ্ক জুর